গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কল্যাণ-০১ শাখা
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.probashi.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০২৪.২৩.০২২.২৬- ১০৪৪

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

# বিজ্ঞপ্তি

**বিষয়: তিনটি ক্যাটাগরিতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি), ২০২৭ নির্বাচন**

এতদ্বারা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নির্বাচন নীতিমালা, ২০১৮ অনুযায়ী নিম্নবর্ণিত তিনটি ক্যাটাগরিতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি), ২০২৭ নির্বাচনের লক্ষ্যে আগ্রহী ও যোগ্যতাসম্পন্ন অনিবাসী বাংলাদেশিদের নিকট থেকে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রমিক | ক্যাটাগরি | সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | সিআইপি (এনআরবি) [বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী] | সর্বোচ্চ ০৫ জন | ক) ২০২৫-২০২৬ অর্থবছরে বাংলাদেশের শিল্পখাতে মূলধন হিসেবে ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বা তদূর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা সরাসরি বিনিয়োগ; এবং<br>(খ) শিল্প প্রতিষ্ঠানটি বাস্তবায়নাধীন হলে যন্ত্রপাতি আমদানির প্রমাণপত্র, যেমন-বিল অব লেডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদিতে উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রার লেনদেন। |
| ০২ | সিআইপি (এনআরবি) [বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী] | সর্বোচ্চ ৭৫ জন | ২০২৫-২০২৬ অর্থবছরে অপ্রত্যাবাসনযোগ্য ন্যূনতম ১,০০,০০০ (এক লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে বাংলাদেশে প্রেরণ। |
| ০৩ | সিআইপি (এনআরবি) [বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক] | সর্বোচ্চ ১০ জন | (ক) ২০২৫-২০২৬ অর্থবছরে বাংলাদেশ থেকে ন্যূনতম ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রার [Free on Board (FOB)] বাংলাদেশি পণ্য সংশ্লিষ্ট দেশে আমদানিকরণ;<br>(খ) পিআরসি (Proceeds Realisation Certificate)-এর মাধ্যমে বাংলাদেশি পণ্য সংশ্লিষ্ট দেশে আমদানিকরণ; এবং<br>(গ) অধিক মূল্য সংযোজন সম্পন্ন বাংলাদেশি পণ্য (Higher Value Added Product) সংশ্লিষ্ট দেশে আমদানিকারককে অগ্রাধিকার প্রদান করা হবে। |

**শর্তাবলি:**

১। ০১ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. থেকে ৩০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত বাংলাদেশ সময় রাত ১২.০০ টার মধ্যে নির্ধারিত ওয়েবসাইট (https://stg-cip.oep.gov.bd/)-এর মাধ্যমে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। উক্ত সময়সীমার পর কোন আবেদন দাখিল করা যাবে না;

২। বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস অথবা প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে সরাসরি (হার্ড কপি আকারে) কোন আবেদনপত্র জমা নেওয়া হবে না;

৩। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে; এবং

৪। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন কিংবা এইসংক্রান্ত সকল কার্যক্রম বাতিল/স্থগিত করার অধিকার সংরক্ষণ করে।

৩০।০৮।২০২৬

সাইয়েদা ফয়জুন্নেছা
সিনিয়র সহকারী সচিব
ইমেইল- saswelfare@probashi.gov.bd

E:\Masud Bin Rashid\CIP 2027\বিজ্ঞপ্তি (CIP-2027). Circular.doc